



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
www.dpe.gov.bd  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬



স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.১৯.০০২.২১.৯২

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী/প্রধান শিক্ষকগণের অন্যত্র হতে সিটি কর্পোরেশনের অভ্যন্তরে অথবা আন্তঃ সিটি কর্পোরেশন বদলি সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৪ এপ্রিল ২০২৩ তারিখ হতে ১২ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান/সহকারী শিক্ষকগণের অন্যত্র হতে সিটি কর্পোরেশনের অভ্যন্তরে অথবা আন্তঃ সিটি কর্পোরেশন অনলাইন বদলি কার্যক্রম নিম্নলিখিত সময় সূচি ও শর্তসমূহ প্রতিপালনপূর্বক চলমান থাকবে।

সময়সূচি:

- (ক) ০৪/৪/২০২৩ হতে ০৬/৪/২০২৩ তারিখ পর্যন্ত শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;
- (খ) ০৭/৪/২০২৩ হতে ০৮/৪/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা/থানা শিক্ষা অফিসার প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন;
- (গ) ০৯/৪/২০২৩ তারিখ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন;
- (ঘ) ১০/৪/২০২৩ তারিখ বিভাগীয় উপপরিচালক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।
- (ঙ) ১১/৪/২০২৩ হতে ১২/৪/২০২৩ তারিখ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

২। শর্তসমূহ:

- ক) শিক্ষকগণ সর্বোচ্চ ৩টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে পছন্দ করবেন। তবে কোন শিক্ষকের একাধিক পছন্দ না থাকলে শুধুমাত্র ০১ বা ০২টি বিদ্যালয় পছন্দ করতে পারবেন। আবেদনের প্রেক্ষিতে বদলির আদেশ জারি হলে তা বাতিল করার জন্য পরবর্তীতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- খ) যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ২২ ডিসেম্বর ২০২২ তারিখে জারিকৃত সর্বশেষ “সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা (সংশোধিত) ২০২২” অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ণ করবেন।
- গ) যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ পরবর্তী তা পুনঃবিবেচনা করার আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। উল্লেখ্য আবেদনকারীর পছন্দক্রম অনুযায়ী বদলি হওয়ার নিশ্চয়তা নেই। একাধিক আবেদনকারীর পছন্দকে সফটওয়্যারের মাধ্যমে নির্বাচিত করা হয় বিধায় কোন রকম হস্তক্ষেপের সুযোগ নেই।

৪। এমতাবস্থায়, উল্লিখিত সময়সূচী মোতাবেক ও শর্তসমূহ প্রতিপালনপূর্বক ০৪ এপ্রিল ২০২৩ তারিখ হতে ১২ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান/সহকারী শিক্ষকগণের অন্যত্র হতে সিটি কর্পোরেশনের অভ্যন্তরে অথবা আন্তঃ সিটি কর্পোরেশন অনলাইন বদলির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৪-২০২৩

নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক

বিতরণ :

ফ্যাক্স: 02-9038122


- ১) উপপরিচালক,  
ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.১৯.০০২.২১.৯২/১(৪২)

তারিখ: ২০ চৈত্র ১৪২৯  
০৩ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইটি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) পরিচালক, পলিসি ও অপারেশনের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) অফিস কপি।



৩-৪-২০২৩

নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক